# পুস্তক পরিচয়

ভবানী মুখোপাধ্যায়


**প্রসারিকা** (পাবলিকেশনস্ ডিভিসন, মিনিস্ট্রি অব ইনফর্মেশন এন্ড ব্রডকাস্টিং) মূল্য বার্ষিক ২৲; প্রতি সংখ্যা ।।০

আকাশবাণীর মারফৎ কত মূল্যবান কথিকা প্রচারিত হয়। দিনের বিভিন্ন সময় বিভিন্ন আলোচনা হয়, সেইগুলির স্থায়িত্ব অল্প-কালিক। কারণ বেতারে প্রচারের পর আর তা সহজে কারো চোখে বা মনে পড়ে না। পাক্ষিক 'বেতারজগৎ' পত্রিকায় কিছু কিছু কথিকার নির্বাচিত-প্রকাশনার ব্যবস্থা আছে, কিন্তু সেটুকুও যথেষ্ট নয়। সম্প্রতি জানুয়ারী মাসে মিনিস্ট্রি অব ইনফরমেশন অ্যান্ড ব্রডকাস্টিং বাংলা ভাষায় "আকাশবাণী প্রসারিকার" প্রথম সংখ্যা প্রকাশ করেছেন। এই অতি পরিচ্ছন্ন পত্রিকাটি বাংলার সতেরজন বিশিষ্ট লেখক-লেখিকার গল্প, কবিতা এবং অন্যান্য কথিকার সুনির্বাচিত সংকলন এবং সেই কারণে মূল্যবান। ভ্রমণকাহিনী, স্থপতিশিল্প, স্মৃতিকথার সঙ্গে গল্প, কবিতা এবং লঘুরচনাও এই সংকলনে স্থানলাভ করেছে। রচনাগুলি অধিকাংশ-ক্ষেত্রে সচিত্র। এই প্রচেষ্টা নিঃসন্দেহে প্রশংসনীয়। 'প্রসারিকা' একটি দীর্ঘস্থায়ী অভাব পূরণ করেছে। সুসম্পাদিত এই সাময়িক পত্রিকাটির সমাদর যে সর্বত্র ঘটবে সে বিশ্বাস আছে। সাধারণ পাঠাগার এবং সংগ্রাহকের কাছে 'প্রসারিকা' একটি প্রয়োজনীয় সাহিত্যপত্র।

—আকাশবাণী কলিকাতায় প্রচারিত







সুবিধা-হারে শৈলাবাসে যাতায়াতের টিকিট

নিম্নলিখিত বিভিন্ন শৈলাবাসের জন্য ১৫০ মাইল বা তার বেশী দূরের ষ্টেশন থেকে ১ম, ২য় ও ৩য় শ্রেণীতে এক দিকের ভাড়ার দেড়গুণ ভাড়ায় সুবিধা-হারের যাতায়াতের টিকিট দেওয়া হচ্ছে :—


আবু রোড (মাউণ্ট আবুর জন্য), কুন্নুর, দার্জিলিং, কার্সিয়ং, পাঠানকোট, ধরমপুর, পিশারিয়া, *কোটাগিরি (আউট এজেন্সি), কোদাই কানাল রোড, দেরাদুন (মুসৌরীর জন্য), উটকামণ্ড, সিমলা, সোলন, কাঠগুদাম (নৈনিতালের জন্য), *শিলং

*কোটাগিরি আউট এজেন্সি এবং শিলং-এর যাত্রীদের শুধুমাত্র রেল ও মোটরপথের সংযুক্ত 'থ্রু' টিকিট দেওয়া হ'বে এবং এতে মোটরপথের জন্য যাতায়াতের পুরো ভাড়া ধরা হ'বে।

- ৩১শে অক্টোবর পর্যন্ত টিকিট দেওয়া হ'বে
- এই টিকিটের মেয়াদ ৩ মাস
- শুধু ফিরতি পথেই যাত্রা বিরতি করা চলবে, যাওয়ার পথে নয়
- এই টিকিটের অব্যবহৃত অংশের জন্য মূল্য ফেরত দেওয়া হবে না

কলকাতায় ১১নং গার্ডেন রীচ রোডে দক্ষিণ পূর্ব রেলওয়ের চীফ কমার্শিয়াল সুপারিন্টেন্ডেন্ট-এর ঠিকানায় অথবা ৩নং কয়লাঘাট ষ্ট্রীটে পূর্ব রেলওয়ের চীফ কমার্শিয়াল সুপারিন্টেন্ডেন্ট-এর ঠিকানায় অথবা উভয় রেলের সমস্ত বুকিং অফিসে এবং রেল ষ্টেশনে এ সম্বন্ধে বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

পূর্ব রেলওয়ে দক্ষিণ-পূর্ব রেলওয়ে




আনন্দোজ্জ্বল স্বাস্থ্যের জন্য

লিভারকে সুস্থ রাখুন; নিয়মিত কুমারেশ সেবনে লিভার সুস্থ থাকে, অজীর্ণ, অক্ষুধা প্রভৃতি রোগে ভুগতে হয় না,—খিটখিটে মেজাজ, কাজে উৎসাহের অভাব, সহজে ক্লান্ত হওয়া প্রভৃতি উপসর্গও দেখা দেয় না।




# কবিতাবলী

উমা দেবী

## কলকাতার বর্ষা

### প্রথম প্লাবন—উল্লাস

আজ আমাদের আকাশে নেমেছে বাদলজল
আঁকাবাঁকা কোন ছোট্ট আকাশে কলকাতার!
পালকের মত নরম হাওয়ায়
ঘুমেরা জড়ায় চোখের চাওয়ায়,
ঝম্ ঝম্ আর ঝিম্ ঝিম্ সুর হঠাৎ করেছে মন বিকল
—আঁকাবাঁকা কোন ছোট্ট আকাশে কলকাতায়
আজ আমাদের আকাশে নেমেছে বাদলজল।

আমাদের সেই আকাশ আজকে চিনবে কেউ?
ধুলো বালি আর ধোঁয়ায় আবছা নীল আকাশ?
মেঘেদের বেণী বাতাস এলায়
বৃষ্টির সাথে আলগা খেলায়
পথের দু-পাশে জল জমে জমে হঠাৎ খুশির লাগায় ঢেউ
ধুলো বালি আর ধোঁয়ায় আবছা নীল আকাশ—
চিনবে না আজ পুরোনো দিনের আকাশ কেউ!

কে চায় জানতে প্রৌঢ় বর্ষা মেঘমেদুর
নবোদ্ভিন্ন কদম্ব বনে দূর দেশের—
রেণু কর্দমে অতি পিচ্ছল
কোথা তরুণীরা হয়েছে বিকল
কেয়া কণ্টকে খিন্ন চরণা হঠাৎ যাহারা মদনাতুর
নবোদ্ভিন্ন কদম্ববনে দূর দেশের
নামলে সহসা প্রৌঢ় বরষা মেঘমেদুর!

গ্লানি না কোথায় মেঘ-অঞ্জন আরো নিবিড়
ধরণীর বুকে কঠিন কোথায় নভো-পীড়ন,
যূথীর গন্ধে স্থগিতান্তর
প্রৌঢ় অনিল আরো মন্থর
মেঘ-ডম্বর গম্ভীরতর ঘনান্ধকার নিশা তিমির
ধরণীর বুকে কঠিন যেখানে নভো-পীড়ন
হয়তো সেখানে মেঘ-উল্লাস আরো নিবিড়।

আমাদের এই আঁকাবাঁকা কোন ছেঁড়া-আকাশ
রোদ-জোছনার কৃপণতা যেথা দিনরাতের
বিষণ্ণতর ধুলো ও ধোঁয়ায়
কে জানত সে ও কালের ছোঁয়ায়
আনবে হঠাৎ নববর্ষার বিদ্যুন্ময় মেঘোল্লাস
রোদ-জোছনার কৃপণতা যেথা দিনরাতের
মেঘ-ডম্বর নির্ভর আজ সেই আকাশ!

আমাদের এই আকাশ আজকে চিনবে কেউ
উচ্ছল জলধারা-চঞ্চল নীল আকাশ?
মেঘেদের বেণী বাতাস এলায়
বৃষ্টির সাথে আলগা খেলায়
স্বপ্নেরা এসে হৃদয়ের তটে হঠাৎ খুশির লাগায় ঢেউ
উচ্ছল জলধারা-চঞ্চল জীবনাকাশ—
আমাদের এই আকাশ আজকে চিনবে কেউ?

### দ্বিতীয় প্লাবন—বিকল

উথাল পাথাল আকাশ গঙ্গা নামে
শিব কই এই শিবহীন নগরীতে?
মেঘবাহনারা মেঘনা নদীর বাঁকে
বিদ্যুৎ রাঙা কলসীটি নিয়ে কাঁখে
হঠাৎ চমকে থামে—
ইতি উতি চায় স্তম্ভিত ইঙ্গিতে—
উথাল পাথাল আকাশ গঙ্গা নামে
শিব কই এই শিবহীন নগরীতে?
শিব কই? থামো ক্ষণেক দুচোখ বুজে
দেখ একবার হৃদয়ারণ্য খুঁজে।
হৃদয়ারণ্যে গহন গভীর রাত
নেমেছে অকস্মাৎ—
চাঁদ মরে গেছে তারার ফুলকি ছাই—
মরা জ্যোৎস্নার প্রেতেরা নেমেছে তাই
ফুলপাতাহীন তরুদের নীল শাখে।
পাহাড়ের ফাঁকে ফাঁকে—
বাসনাগুহার হিম শিলাতল
কার কান্নায় হয়েছে পিছল—
অনেক অনেক প্রজাপতিদের রঙিন রঙিন পাখা
ঝরানো ফুলের পাপড়ির মত নিপুণ তুলিতে আঁকা
বিস্মরণের ধুলোয় পড়েছে ঢাকা—
শিব নাই—নাই—অরণ্য নির্জন
হিমালয়ে বুঝি চ'লে গেছে তপোধন।
উথাল পাথাল আকাশ গঙ্গা নামে
শিব কই হায় শিবহীন নগরীতে?
বিদ্যুৎঘাত বিদীর্ণ বক্ষের
মেঘমোহম্লান নিমীলিত চক্ষের
দৃষ্টিতে ছায়া নামে—
ইতি-উতি চাই স্তম্ভিত ইঙ্গিতে
আকাশ গঙ্গা হঠাৎ চমকে থামে—
শিব কই এই শিবহীন নগরীতে?
শিব নাই?—থামো—ক্ষণেক দুচোখ বুজে
ভাবি একবার কোনখানে পাবো খুঁজে?
এই যে—এই তো হিমালয় হিমব্রত
স্থিত পৃথিবীর মানদণ্ডের মত।
মুঠিভরা মণি-মাণিক্যগৈরিকে
কত মরকত ওষধি যে দিকে দিকে।
ঐ যে তুঙ্গ কৈলাস গিরিমালা
শিখরে শিখরে বজ্রঅনল ঢালা
—নাগবালা আর সিদ্ধকন্যাকারা
মেঘময় পথে বিচরণ করে যারা—
ওরি শিখরে কে চন্দ্রশেখর জাগে—
অনুরাগবতী ধরা তারি বৈরাগে।
গত জন্মের প্রাণপ্রিয়তমা কে সে
নব কলেবর নিয়েছে মোহন বেশে—
সিন্ধু যেমন চন্দ্রের টানে
হয় উদ্বেল গগনের পানে
তেমনি হরের বিভ্রম জাগে গৌরীর মুখছাঁদে—
—হায়! কই শিব—কই কৈলাশ! অতনু আশারা কাঁদে!
মুঠিভরা শুধু গুটিকত শাদা পাতা
কৈলাস নয়—নগরী এ কলিকাতা!
উথাল পাথাল আকাশগঙ্গা নামে
শিব কই এই শিবহীন নগরীতে?

পুঞ্জিত ব্যথা সঞ্চিত আশা নিয়ে
কে বেঁধেছে সারা আকাশকে মেঘ দিয়ে—
কে ওরা—চমকে থামে—
ইতি উতি চায় স্তম্ভিত ইঙ্গিতে
উথাল পাথাল আকাশগঙ্গা নামে
শিব কই হায়—শিবহীন নগরীতে?

### তৃতীয় প্লাবন—আশ্বাস

মেঘ—মেঘ—মেঘ—মেঘ ভেসে যাই মেঘেদের সঙ্গে
হৃদয় কোথায় পাও—এ প্রমত্ত উধাও আবেগ
কেন ডুবে যেতে চাও মেঘের তরঙ্গে!
রাশি রাশি কালো মেঘ শীতল কোমল,
ও মেঘে লুকানো আছে সমুদ্রের জল
চেয়ে দেখ তারো চেয়ে ও অশ্রু আমার
আরো শুভ্র ও নির্মল!

আহা কোন সমুদ্রের তটদেশবালুকায়, লবঙ্গের
বঙ্কিম লতায়
তোমার অলসবেলা ব'য়ে চলে যায়
ছায়ারা লুটায় তটে আলসে হেলায়
সমুদ্র দ্বীপের এক এলাচ লবঙ্গ ছোঁয়া সুরভি হাওয়ায়!—
সে সুরভি হাওয়া এনে হৃদয়ে বুলাও—
হৃদয়ের খুশি যত বিনিময়ে নাও!
এ জীবনে আছে যত ক্লান্তিময় তাপ—
সে শুধু এ নাগরিক সভ্যতার লুকানো উত্তাপ।
ও শুধু আমারি থাক—তুমি শুধু নাও,
এ মনের খুশি যত—দু হাতে ছড়াও
নরম ছায়ায় আর সুরভি হাওয়ায়
আর গাঢ় বর্ষণের আকস্মিকতায়!


মরুস্থলী কলিকাতা—আমাদের মরুময় প্রাণ—
কোথায় প্রান্তর পাব? শ্যামল উদ্যান?
কোথায় বা রেবা শিপ্রা কাবেরী বিপাশা—
আমাদের দৃষ্টি সর্বনাশা!—
সে দগ্ধ দৃষ্টির কোলে মোহাঞ্জন আবার পরাও—
নীলাঞ্জন ছায়াটুকু হৃদয়ে ছড়াও—
হৃদয়ের খুশি শুধু বিনিময়ে নাও!

মেঘ মেঘ মেঘ মেঘ—
চারিদিকে মেঘের তরঙ্গ—
ডুবে যায় ধুয়ে যায় ক্লান্তিভরা অঙ্গ।
ও নীল গভীরে আছে নোনা এক সমুদ্রের স্বাদ,
কত বাসনায় ডুবে ওই নীল—সুনীল অগাধ—
ও যেন স্বপ্নের বাষ্পে—হাহাকারে-ভরা এক হৃদয়ের সাধ।
গলে যায় গ্রীষ্মের নির্মোক
গ্রীষ্মকে তুলনা এক কাঠিন্যের শোক।!


মেঘ—মেঘ—মেঘ—মেঘ—
চারিদিকে মেঘের ছায়ায়
জীবনের সব ক্লান্তি আর নাগরিক ভ্রান্তি
—সব মিশে যায়।
দূর থেকে ভেসে আসা সুরভি হাওয়ায়
সুদূর দেশের এক মনোরম বার্তাকে ছড়াও
নীল মোহাঞ্জন ছায়া নয়নে পরাও—
আকাশের স্বপ্ন এনে হৃদয়ে ভরাও—
বিনিময়ে হৃদয়ের খুশিটুকু নাও
হৃদয়ের খুশিটুকু বিনিময়ে নাও।

—আকাশবাণী কলিকাতা থেকে কবির স্বকণ্ঠে প্রচারিত


স্বাস্থ্য অটুট রাখিতে হলে
পান্না মার্কা তৈল
ব্যবহার করুন
শ্রী দুর্গা পিওর অয়েল মিল
৬৭/৪৪, স্ট্রাণ্ড রোড • কলিকাতা-৬
ফোন :- ৩৩-৫৮০১



Manufacturers of Heavy Type Collapsible Gate, Latest Designs of w. I. Gate, Ornamental Grills Varanda Railings Etc.
PHONE: 24-1709
DEBENDRA NATH PAUL & C…
39 WELLINGTON STREET, CAL…




স্টকিস্টস্ঃ হিন্ডিরেস্ প্রাইভেট লিঃ, ডি-১১ হাওড়া ব্রীজ অ্যাপ্রোচ রোড, কলিকাতা-১




নূতন ক্যালেন্ডারের জন্য পত্র লিখুন





বেতার-জগৎ ঠিক সময়ে না পৌঁছালে আপনার স্থানীয় পোষ্টাপিসে এবং সিনিয়র সুপারিনটে... ...ত্তা আর, এম, এস, সর্টিং ডিভিসন ডি, পি, ও ... ই উভয়স্থানে অভিযোগ করুন



# হিন্দী শিক্ষার আসর

ব্রজনন্দন সিংহ

(১৭ই জুন—২৮শে জুন '৫৭)

১৭ই জুন—मीरा की कहानी—গিরধারীর অনন্যা আরাধিকা মীরার জীবন কাহিনী সংক্ষেপে আলোচনা ক'রে আজকার হিন্দী শিক্ষার আসর চলবে। পাঠ শেষে মীরার একটি ভজন ও তার ভাবার্থ হিন্দী ও বাঙ্গলায় বুঝিয়ে দেওয়া হবে।

১৮ই জুন—क्रिकेट का खेल—এই দিন ক্রীকেটের খেলা সম্পর্কে আলোচনার মাধ্যমে হিন্দী শিক্ষা দেওয়া হবে।

১৯শে জুন—रहीम का जीवन—এই দিন হিন্দী ভাষার বিখ্যাত কবি রহিম খানখানার জীবনী সংক্ষেপে আলোচনা করা হ'বে। পাঠান্তে রহিমের কয়েকটা 'দোহা' ভাবার্থ-সহ উদ্ধৃত করা হবে।

২০শে জুন—विज्ञान के करिश्मे—বিজ্ঞান আমাদের সংস্কৃতি ও সভ্যতাকে কতদূর এগিয়ে নিয়ে এসেছে, তারই কথা সংক্ষেপে আজকের হিন্দী শিক্ষার আসরে আলোচিত হবে।

২১শে জুন—भारतेन्दु हरिश्चन्द्र—আধুনিক হিন্দী ভাষা ও সাহিত্যের জন্মদাতা হরিশ্চন্দ্রের জীবন কাহিনী অবলম্বনে এই দিন হিন্দী শিক্ষা দেওয়া হবে। হরিশ্চন্দ্রের সাহিত্য সাধনা সম্পর্কে বিশেষ ভাবে আলোচনা করে শেষে তাঁর কয়েকটি পদ পাঠ করা হবে।

২৪শে জুন—हिन्दी और बँगला मुहाविरे—এই দিন হিন্দী ও বাঙ্গলা উভয় ভাষার বাক্ সম্প্রদায় নিয়ে তুলনামূলক আলোচনা করা হবে।

২৫শে জুন—एक शिकारी की कहानी—জনৈক শিকারী বাঘের শিকার করতে গিয়ে একটুর জন্য মৃত্যুর হাত থেকে কি ভাবে রক্ষা পেলেন, তারই গল্প শোনান হবে আজকার হিন্দা শিক্ষার আসরে।

২৬শে জুন—हिन्दी और बँगला की कहावतें—এই দিন হিন্দী ও বাঙ্গলার প্রবাদবাক্য নিয়ে তুলনামূলক আলোচনা হবে।

২৭শে জুন—रेलगाड़ी का सफ़र—মধ্য ভারতের ট্রেন যোগে একটি যাত্রা বৃত্তান্ত অবলম্বনে আজকার হিন্দী শিক্ষা চলবে।

২৮শে জুন—मुहावरों और कहावतों की पुनरावृत्ति तथा कठिन शब्दार्थ—এই দিন ১৭ই থেকে ২৭শে জুন পর্য্যন্ত হিন্দী পাঠের ব্যবহৃত বাক্ সম্প্রদায়, প্রবাদবাক্য ও কঠিন শব্দার্থের পুনরালোচনা করা হবে।







## মোগল আমলে বাংলা দেশ

( ৫২৯ পৃষ্ঠার শেষাংশ )

তুলবার প্রচুর সময় পেত। নদীতে সাঁতার কাটা, গাছে চড়া, সুযোগ পেলে ঘোড়ায় চড়া—এসবেও অভ্যস্ত ছিল। ব্যয়সাধ্য ক্রিকেট, হকি, ফুটবলের রেওয়াজ ছিল না। কিন্তু তাতে কি এসে যায়? হাডু-ডু, গাদি, ডাংগুলি প্রভৃতি খেলেই প্রচুর আনন্দ পেত তারা।

যুবকদেরও চাকরি-বাকরি করার দরকার হ'ত না বেশি, কাজেই তাদেরও অবসর ছিল প্রচুর। ফলে তাস, পাশা, দাবা নিয়ে অনেকেরই অনেকটা সময় কাটত। তবে তাস-পাশা যেমন খেলত, তেমনি কুস্তি, লাঠি-তরোয়াল খেলা—এসবেরও চর্চা করত। বাংলার যুবকদের হাতের লাঠির ঘায়ে অনেক বড় বড় ওস্তাদ ঘায়েল হতেন। সে যুগের পোশাক কেমন ছিল? যাঁরা সরকারী কাজ করতেন তাঁরা সাধারণতঃ মুসলমানী পোশাক পরতেন—জোব্বা-জোব্বা, মীরজাই, আচকান, পায়জামা, পাগড়ি বা শামলা ইত্যাদি। সাধারণ লোকে গায়ে জামা কচিৎ দিত। যুবকেরা বেড়াবার সময় লম্বা কোঁচা ঝুলিয়ে কাঁধে পাট করা গামছা জড়িয়ে মাথায় বাবরী চুল ফাঁপিয়ে বেড়াতে ভালবাসত। তবে কাজকর্মের সময় মালকোঁচাও বাঁধত। সাধারণ লোকের অনেকেরই কাপড় হাঁটুর নীচে নামত না।

বুড়োদের আড্ডা বসত চণ্ডীমণ্ডপে, আর মেয়েদের স্নানের ঘাটে। ছেলেদের জামার মত মেয়েরাও সায়া-শেমিজ-ব্লাউজের ধার ধারত না। তবে সর্বযুগের সর্বদেশের মতই গয়না পরতে ভালবাসত। পায়ে মল, নাকে নোলক বা নথ, হাতে খাড়ু, বাজু, তাগা, কানে মাকড়ী বা পাশা, কোমরে গোট, গলায় মটর-মালা—এসবই ছিল লোভনীয় অলঙ্কার। তবে অনেকেরই জুটত না। তা ছাড়া অল্পবয়সেই তাদের মধ্যে দেখা যেত গিন্নীপনা। বাল্যবিবাহের চল খুবই ছিল, তেমনি ছিল বহুবিবাহের প্রথা। মেয়ের বিয়ের সময় বংশটাকেই দেওয়া হ'ত সবচেয়ে প্রাধান্য। পাত্রের রূপ, গুণ, বয়স, যোগ্যতা—এসব তার পরে।

এখনকার মত হাসপাতাল, ডাক্তার বা রকমারি দামী দামী ওষুধের সুবন্দোবস্ত ছিল না, কিন্তু লোকে পুষ্টিকর খাদ্য পেত, খোলা আলো-বাতাস পেত, ফলে অসুখবিসুখও কম হ'ত। তবে কোন কোন রোগ, যা এখনকার দিনে সহজেই সারানো যায়,—তখনকার দিনে তা ধরলে ছাড়া পাওয়া কষ্টকর ছিল।

চোর-ডাকাত-ঠ্যাঙাড়ের উপদ্রব ছিল যথেষ্ট। যাদের টাকা পয়সা ছিল তারা তা রক্ষা করার জন্য মাটিতে পুঁতে রাখত গোপনে; সে যুগে ব্যাঙ্ক ছিল না তো! রাখত বলেই তোমরা আজকাল এত গুপ্ত-ধনের গল্প পড়তে পাও। দূরদেশে যেতে হলে দল বেঁধে বেরুতে হ'ত—লাঠি আর অস্ত্রশস্ত্র নিয়ে। সাধারণ লোকেরও অস্ত্র-শস্ত্র ব্যবহারে কোনও বাধানিষেধ ছিল না।

আমোদ-প্রমোদের মধ্যে যাত্রা, কথকতা, রামায়ণ পাঠ ইত্যাদির চলন ছিল খুবই। আর ছিল মেলা। বেশির আয়োজনই হ'ত ধর্মকর্মকে কেন্দ্র ...

—কলিকাতা বেতারকেন্দ্র থেকে ... আসরে প্রচারিত



মিডা'র

গোয়াভা জেলি, টোমাটো সস্, আমের চাটনি, ভিনিগার, সর্ব্বপ্রকার তৈল সংযুক্ত ফলের আচার, ফলের স্কোয়াস ও সিরাপ, মাংস রাঁধিবার উৎকৃষ্ট কারি পাউডার ইত্যাদি।

প্রস্তুতকারী ও রপ্তানীকারক

মিডা এণ্ড কোম্পানী প্রাইভেট লিঃ, ৩৩, ক্যানিং স্ট্রীট, কলিকাতা—১ (ফোন : ২২-৬...

বিশ্বরূপা ফোনঃ ৫৫-১৪২৩

বৃহস্পতি ও শনিবার ৬॥টায়

রবি ও ছুটির দিন ৩ ও ৬॥টায়

বিধায়কের নূতন নাটক

ক্ষুধা

নটশেখর নরেশ মিত্র

রূপায়নে—কানু বন্দ্যোঃ, বসন্ত চৌধুরী, সন্তোষ সিংহ ... কালী ব্যানার্জী, নবদ্বীপ ... কুমার, শ্রীমানী, ... দাস, সুব্রতা সেন, ...

শান্তি গুপ্তা



উদয় চিত্র প্রতিষ্ঠানের "নিলাচলে মহাপ্রভুর" সুন্দরী তারকা

সুমিত্রা দেবী বলেন "লাক্স টয়লেট সাবানের শুভ্রতাই এর বিশুদ্ধতার পরিচয় দেয়।"

সুমিত্রা দেবী দুইবার বেঙ্গল ফিল্ম জার্নালিষ্ট এ্যাসোসিয়েশন কর্তৃক "বছরের শ্রেষ্ঠ অভিনেত্রী" নির্ব্বাচিত হয়েছেন। এই তাঁর গুণের নিঃসন্দেহ প্রমান। কিন্তু তবুও শুধু প্রতিভা নয়, তাঁর আছে সুকোমল সৌন্দর্য্য, লাবণ্য, যার জন্যে তিনি নানারকম চরিত্রে সার্থকতার সঙ্গে অভিনয় করতে পারেন।

এই লাবণ্য সুমিত্রা অত্যন্ত যত্নের সঙ্গে রক্ষা করেন বিশুদ্ধ এবং শুভ্র লাক্স টয়লেট সাবানের সাহায্যে ত্বকের যত্ন নিয়েণ এই বিশুদ্ধ, শুভ্র লাক্স টয়লেট সাবানের সরের মত মোলায়েম এবং সুগন্ধ ফেণার সাহায্যে আপনারও ত্বকের যত্ন নিন।




লাক্স টয়লেট সাবান

চিত্র তারকাদের সৌন্দর্য্য সাবান।

সর্ব্বাঙ্গীন সৌন্দর্য্যের জন্যে—বড় সাইজ কিনে খরচ বাঁচান।

LTS. 528-X52 BG